**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**13 OCTOBER 2025** **7:45—7:55 PM IST**

================================================================

(১) রাজ্যের মেডিকেল কলেজগুলির উন্নীতকরণের জন্য চার হাজার ২৮৭ কোটি টাকা ব্যয়ের বিষয়ে আসাম সরকারের অনুমোদন/

(২) রাজ্যসরকার আগামী পাঁচ বছরে দুই লক্ষেরও বেশি যুবক-যুবতীকে নিযুক্তি দেওয়ার পরিকল্পনা গ্রহণ করেছে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার প্রকাশ/

(৩) রেলওয়ে সুরক্ষা বাহিনী আর পি এফ'এ এখন থেকে স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে নিযুক্তি পরীক্ষার ব্যবস্থা করা হবে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণৈ'র প্রকাশ/

(৪) রাজ্যের চাবাগান এবং বন্যাক্রান্ত অঞ্চলের কন্যাশিশুদের শিক্ষা প্রদানের লক্ষ্যে ইউনিসেফ ইন্ডিয়া'র বিশেষ পদক্ষেপ গ্রহণ/

---

আসাম সরকার রাজ্যের মেডিকেল কলেজগুলির উন্নীতকরণের জন্য চার হাজার ২৮৭ কোটি টাকায় অনুমোদন জানিয়েছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে একথা জানিয়েছেন । আস্থা শীর্ষক পরিকল্পনার অংশ হিসেবে এই পদক্ষেপ গ্রহণ করা হবে । এর অধীনে গৌহাটী মেডিকেল কলেজ ও হাসপাতালকে অত্যাধুনিক সুযোগ সুবিধাযুক্ত করে নির্মাণ করা হবে । এক ইভাবে শিলচর ও ডিব্রুগড় মেডিকেল কলেজ এ স্মার্ট ক্লাস ও আধুনিক পরীক্ষাগার নির্মাণ করা হবে । শ্রীমন্ত শংকরদেব স্বাস্থ্য বিজ্ঞান

বিশ্ববিদ্যালয়ে ডিজিটেল ও শৈক্ষিক উন্নয়নের জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে । এই পরিকল্পনার অধীনে চিকিৎসক , নার্স ও প্যারামেডিকেল কর্মীদের প্রশিক্ষণ ও দক্ষতা বিকাশের ব্যবস্থা করা হবে বলে মুখ্যমন্ত্রী জানান ।

---

বহুমুখী সংযোগ সাধনের জন্য প্রধানমন্ত্রী গতি শক্তি জাতীয় পরিকল্পনা আজ ৪ বছর সম্পূর্ন করেছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০২১ সালের ১৩ ই অক্টোবর অর্থনৈতিক ক্ষেত্রে বহুমুখী পরিকাঠামোমূলক সংযোগ গড়ে তোলার জন্য এই পরিকল্পনার সূচণা করেছিলেন । এই পদক্ষেপের অধীনে পরিবহণের বিভিন্ন **সহায়তায়** মাধ্যমে দেশের সব প্রান্তের জনসাধারণকে সুষ্ঠু ও কার্যকরী সংযোগ প্রদানের ব্যবস্থা করা হয়েছে । এর ফলে প্রত্যন্ত অঞ্চলে বসবাস করা লোকেদের পরিবহনের সময় হ্রাস পাওয়া সহ এই অঞ্চলের যোগাযোগ ব্যবস্থা আরো উন্নত হয়ে উঠেছে ।
প্রধানমন্ত্রীর গতিশক্তি অভিযান বিভিন্ন মন্ত্রনালয় ও বিভাগকে সমন্বিত করে পরিকাঠামোমূলক উন্নয়ন ব্যবস্থা সংহত করে তুলেছে । এর ফলে প্রকল্পগুলি রুপায়নে সুবিধা হচ্ছে । প্রধানমন্ত্রী গতিশক্তি ৫৭ টি মন্ত্রনালয় ছাড়া ও ৩৬ টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলকে একেকটি ডিজিটেল মঞ্চে উপনীত করেছে ।

---

এ ডি আর ই'র চতুর্থবর্গের পদগুলির ফলাফল আগামী বুধবার ঘোষণা করা হবে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা একথা জানিয়ে বলেন যে- সেদিন বেলা সাড়ে দশটায় সংশ্লিষ্ট ওয়েবসাইটে প্রার্থীরা এই ফলাফল লাভ করবেন । তিনি একইসঙ্গে আগামী ১৫ থেকে ১৭ অক্টোবরের মধ্যে স্নাতকোত্তর শিক্ষকের পদসমূহের ফলাফলও ঘোষণা করা হবে জানিয়েছেন । চলতি মাসের মধ্যেই ৩৫ হাজার যুবক যুবতী চাকরি লাভ করবে বলে তিনি জানিয়েছেন ।

এদিকে রাজ্যসরকার আগামী পাঁচ বছরের মধ্যে দুই লক্ষেরও বেশি যুবক যুবতীকে নিযুক্তি প্রদানের পরিকল্পনা গ্রহণ করেছে । মুখ্যমন্ত্রী ফেসবুক লাইভের মাধ্যমে এই কথা জানিয়ে আরো বলেন যে- রাজ্যের বেকার সমস্যা সমাধানের জন্য সরকার এই পদক্ষেপ গ্রহণ করেছে । আগামী মাসে পুলিশের বেশকিছু পদে নিযুক্তির ব্যবস্থা করা হবে বলে তিনি উল্লেখ করেছেন ।

---

জুবিন গর্গের মৃত্যু সম্পর্কে সাক্ষ্য প্রদান করতে আজ সিঙ্গাপুরের তিনজন প্রবাসী অসমীয়া আসাম পুলিশের অপরাধ অনুসন্ধান শাখার কার্যালয়ে হাজির হয়েছেন । পরীক্ষিত শর্মা, সিদ্ধার্থ বরা এবং জাওলাংসাংত নার্জারী নামের এই ব্যক্তিগণকে এস আই টি জিজ্ঞাসাবাদ করার পর কামরূপ মহানগর জেলার মুখ্য বিচারপতির আদালতে তাদের ভাষ্য লিপিবদ্ধ করা হয়েছে । এছাড়া জুবিন গর্গের সহযোগী শতাব্দী বরারও ভাষ্য আজ ওই আদালতে গ্রহণ করা হয়েছে । উল্লেখ্য- সিঙ্গাপুরে জুবিন গর্গের মৃত্যুর সময়ে ঘটনাস্থলে উপস্থিত থাকা এই তিনজনের সঙ্গে এগারোজন প্রবাসী অসমীয়াকে পুলিশ সমন জারী করেছিল ।

---

মজোরামের ডাম্পা আসন সহ সাতটি রাজ্যের আটটি বিধানসভা আসনের উপ-নির্বাচনের জন্য নির্বাচন কমিশন আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি করেছে । মিজোরামের আসনটির জন্য মনোনয়ন পত্র দাখিলের অন্তিম দিন আগামী ২১শে অক্টোবর ধার্য করা হয়েছে । এই আসনটির জন্য ভোটগ্রহণ আগামী ১১ই নভেম্বর অনুষ্ঠিত হবে । এবং আগামী ১৪ই নভেম্বর ভোটগণনা করা হবে ।

---

রেলওয়ে সুরক্ষা বাহিনী- আর পি এফ'এ নিয়োগের জন্য এখন থেকে প্রতি বছর স্টাফ সিলেকশন কমিশন নিযুক্তি পরীক্ষার ব্যবস্থা করবে বলে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণৈ ঘোষণা করেছেন । তিনি রেলওয়ে সুরক্ষা বাহিনীকে আধুনিক প্রযুক্তির মাধ্যমে আরো উন্নত করার জন্য গ্রহণ করা বেশকয়েকটি পদক্ষেপের বিষয়েও জানান । গুজরাটে আজ আর পি এফ'এর ৪১তম প্রতিষ্ঠা দিবসের অনুষ্ঠানে অংশগ্রহণ করে মন্ত্রী বলেন যে- শীঘ্রই আর পি এফ'এর জওয়ানদের উন্নত প্রযুক্তির ভি এইচ এফ সেট প্রদান করা হবে । এছাড়া উন্নত ডিজিট্যাল প্রযুক্তি এবং ড্রোণ চালনার প্রশিক্ষণও দেওয়া হবে । নিম্ন আয়ের লোকেদের জন্য ভারতীয় রেলওয়ের গ্রহণ করা পদক্ষেপের বিষয়ে উল্লেখ করে তিনি বলেন যে- দীপাবলী এবং ছটপূজার সময়ে যাত্রীদের চাহিদা পূরণের জন্য বারো হাজার বিশেষ ট্রেন চালানো হবে । বিগত এগারো বছরে ভারতীয় রেলওয়ের রূপান্তর এবং প্রগতির যাত্রার বিষয়ে উল্লেখ করে শ্রী বৈষ্ণৈ বলেন যে- ৩৫ হাজার কিলোমিটার নতুন রেলপথ নির্মাণ করা ছাড়াও ৯৯ শতাংশ রেলপথের বৈদ্যুতিকীকরণের কাজ সম্পূর্ণ হয়েছে । এছাড়া সরকার রেল স্টেশনগুলির পুনর্নবীকরণের জন্য গ্রহণ করা ব্যবস্থা দ্রুতগতিতে কার্যকর হচ্ছে এবং সাত হাজার তিনশোটি স্টেশনের উন্নীতকরণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে । এরমধ্যে ১১০টির কাজ ইতিমধ্যে সম্পূর্ণ হয়েছে বলে তিনি জানিয়েছেন । রেলমন্ত্রী এই

অনুষ্ঠানে আর পি এফ'এর কুচকাওয়াজ প্রত্যক্ষ করেন এবং ৪০জনকে উৎকৃষ্ট সেবা পুরস্কার প্রদান করেন ।

---

রাজ্যের চা বাগান ও বন্যায় ক্ষতিগ্রস্ত অঞ্চলগুলির কন্যা শিশুদের শিক্ষা প্রদানের লক্ষে ইউনিসেফ ইন্ডিয়া বিশেষ পদক্ষেপ গ্রহণ করেছে । আজ সংস্থাটির ইন্টার ন্যাশনেল ক্রিকেট কাউন্সিল ও ইয়ং ইন্ডিয়ানস সি আই আই ওয়াইর সহযোগীতায় গৌহাটীতে আয়োজিত এক আলোচনা চক্রে কন্যা শিশুদের নিরাপত্তা ও জীবিকার ক্ষেত্রে সহযোগীতা করতে বিভিন্ন প্রস্তাব গ্রহণ করা হয় । অনুষ্ঠানে  এ অঞ্চলের রুপায়ন করার জন্য সংশ্লিষ্ট ক্ষেত্রের বিভিন্ন কার্যসূচি নিয়ে আলোচনা করা হয় । রাজ্যের মুখ্য সচিব ড: রবি কোটা অনুষ্ঠানে অংশ গ্রহণ করে এই পদক্ষেপের জন্য ইউনিসেফকে ধন্যবাদ জ্ঞাপন করেন ।

---

কাছাড় জেলার নারী ও শিশু উন্নয়ন বিভাগের উদ্যোগে আজ শিলচরে কন্যা শিশু দিবস পালন করা হয়েছে । সতীন্দ্র মোহন দেব সিভিল হাসপাতাল প্রাংগনে আয়োজিত এই কার্যসূচীতে বেটি বাচাও বেটি পড়াও প্রকল্পের অধীনে পাঁচজন নবজাত কন্যা শিশুর মধ্যে প্রয়োজনীয় কিট বিতরণ করা হয় । এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে অতিরিক্ত আয়ুক্ত ও দায়িত্বপ্রাপ্ত জেলা সমাজ কল্যাণ আধিকারিক দীপা দাস , এস এম দেব সিভিল হাসপাতালের অধ্যক্ষ ডা: অরুপ পাটোয়া উপস্থিত ছিলেন ।এছাড়া মহিলা ক্ষমতায়ন কেন্দ্রের সদস্যরা ও অনুষ্ঠানে অংশ গ্রহণ করেন । অতিরিক্ত আয়ুক্ত দীপা দাস বলেন এধরণের উদ্যোগ সমাজে কন্যা শিশুর মূল্যবোধ প্রতিষ্ঠা করতে তথা লিংগ ভিত্তিক বৈষম্য রোধ করতে এবং শিক্ষা , স্বাস্থ্য  ও সার্বিক উন্নয়নে সমাজ সুযোগ নিশ্চিত করতে গুরুত্বপূর্ন ভূমিকা গ্রহণ করবে । আমাদের লক্ষ্য এমন এক সমাজ গঠন করা যেখানে প্রতিটি কন্যা শিশুর জন্ম আনন্দের সংগে উদযাপন করা ।

---

শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগে আজ জেলার পাথারকান্দির দোহালিয়া ও ছাগিখাউরী গিলাইটিকর পাহাড়ে অবৈধ দখলের অভিযোগে উচ্ছেদ অভিযান শুরু হয়েছে । জেলা প্রশাসনের পক্ষ থেকে গত কয়েক দিন আগে নোটিশ জারি করে দখল করা জমি খালি করার নির্দেশ দেওয়া হয়েছিল । আজ দোহালিয়া পাহাড়ে উচ্ছেদ অভিযানে প্রায় ১১টি

বসত বাড়ী ও তিনটি দোকান এবং গিলাইটিকরে ১২টি অবৈধ নির্মান গুড়িয়ে দেওয়া হয়েছে ।

---

শ্রীভূমি জেলা সৈনিক কল্যাণ কার্যালয়ের উদ্যোগে শ্রীভূমি জেলার বিভিন্ন স্থানে সেনাবাহিনী , নৌবাহিনী ও বিমান বাহিনীর প্রাক্তন সেনাকর্মীদের চলতি অর্থ বছরের জন্য প্রচার সমাবেশ অনুষ্ঠিত হবে । জেলা সৈনিক কল্যাণ আধিকারিক জানিয়েছেন যে আগামীকাল রামকৃষ্ণনগরের পার্শ্ববর্তী গ্রামগুলিতে, ১৭ই অক্টোবর মহিশাসনে , ২৪শে অক্টোবর ভাঙ্গায় , ৩০শে অক্টোবর বদরপুরে , চৌঠা নভেম্বর আদরকোনায় , ১১ই নভেম্বর বরগুলে ,১৫ই নভেম্বর রাতাবাড়ীতে এবং ১৯শে নভেম্বর নেতাজী পল্লীতে প্রচার সমাবেশ অনুষ্ঠিত হবে । এই সমাবেশে প্রাক্তন সৈনিক , সৈনিকদের স্ত্রী , মা ও তাদের পরিবারের নির্ভরশীল সদস্যদের উপস্থিত থাকতে অনুরোধ করা হয়েছে ।

---

হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে সিনিয়র ডিভিশন লীগ কাম নক আউট ফুটবল প্রতিযোগিতার ফাইনালে স্পোর্টিং ইউনিয়ন ক্লাব বিজয়ী হয়েছে । নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগিতার আজকের ফাইনাল খেলায় স্পোর্টিং ইউনিয়ন ক্লাব টাইব্রেকারে ৪-৩ গোলে নারায়নপুর ইয়ং স্টার ক্লাবকে পরাজিত করেছে । ফাইনালে সেরা খেলোয়াড়ের পুরস্কার পেয়েছেন স্পোর্টিং ইউনিয়ন ক্লাবের কে সাকাচেপ ।

---

যুব সংগঠন এ আই ডি ওয়াই ও-র কাছাড় জেলা কমিটির উদ্যোগে আজ ধোয়ারবন্দে শহীদ বেদীর সামনে তাদের বিভিন্ন দাবীর সর্মথনে বিক্ষোভ সমাবেশ করা হয়েছে । এতে বেকার সমস্যার সমাধানের দাবি জানিয়ে এবং বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার অভিযোগ করে এর প্রতিবাদে সংগঠনের কাছাড় জেলা কমিটির সম্পাদক পরিতোষ ভট্টাচার্য , সর্ব ভারতীয় কমিটির সম্পাদক মন্ডলীর সদস্য বিজিৎ কুমার সিনহা প্রমূখ বক্তব্য রাখেন ।

---